

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আঃ খালেদ মল্লিক মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	০৪ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	সকাল ৯.০০ টা
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব জনাব আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচী অনুযায়ী প্রথম কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ তুলে ধরেন।


- ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন;
- ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা;
- ২.১ ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ;
- ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০% বাজেট বাস্তবায়ন;
- ২.৩ বাজেট বাস্তবায়ন (১০%);

৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাসময়ে সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রথমসভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩	২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	বিএমডির কোনো উন্নয়ন বাজেট নেই। ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ২৬-০৭-২০২২ খ্রি. ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	আইসিটি কর্মকর্তা
৪	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০% বাজেট ১ম ত্রৈমাসিকে বাস্তবায়ন	অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০% বাজেট বাস্তবায়ন করতে হবে।	ক্রয় কর্মকর্তা

৫	২.৩ রাজস্ব বাজেট ১৫% বাস্তবায়ন	১ম ত্রৈমাসিকে রাজস্ব বাজেটের ১৫% বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	ক্রয় কর্মকর্তা
---	---------------------------------	--	-----------------

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-৩).৩৭৮

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) অফিস কপি।



আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)